রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারী ৩০, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-১ শাখা

## আদেশ

তারিখ, ১৬ মাঘ ১৪১১/২৯ জানুয়ারী ২০০৫

এস, আর, ও নং ২১-আইন/২০০৫।—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ২০০৩—২০০৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত আদেশের পরিশিষ্ট-১ এর নিয়ন্ত্রিত পণ্যের তালিকার কলাম (১) এ উল্লিখিত এইচ এস হেডিং নম্বর ২৫·০১ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নতুন এইচ এস হেডিং নম্বর এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"২৭·১০ ২৭১০·০০·৭১ ফার্ণেস অয়েল ঃ

(ক) নিজস্ব শিল্প কারখানা/ব্যবসা প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য ফার্ণেস অয়েল আমদানির ক্ষেত্রে ঃ—

(১) Bangladesh Petroleum Act, 1974 (Act LXIX of 1974) এবং সময়ে সময়ে, সরকার কর্তৃক জারীকৃত এতদ্‌সম্পর্কিত বিধি-বিধান আমদানিকারকগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে ;

(২) আমদানিতব্য ফার্ণেস অয়েলের পরিমাণ ও গুণগতমান আমদানিকারক কর্তৃক বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনকে অবহিত করিতে হইবে ;

(৩) আমদানিকারককে প্রচলিত আইন অনুযায়ী বিস্ফোরক এবং অন্যান্য প্রয়োজনীয় লাইসেন্স গ্রহণ করিতে হইবে।



মূল্যঃ টাকা ১·০০

(খ) অন্যান্য ব্যবহারকারীদের নিকট বিক্রয়/বিপণনের জন্য আমদানির ক্ষেত্রে ঃ—

(১) Bangladesh Petroleum Act, 1974 (Act LXIX of 1974) এর বিধান অনুসারে এতদ্‌বিষয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সাথে চুক্তি স্বাক্ষর করিতে হইবে এবং সময়ে সময়ে, সরকার কর্তৃক জারীকৃত এতদ্‌সম্পর্কিত বিধি বিধান প্রযোজ্য হইবে ;

(২) বিক্রিতব্য পেট্রোলিয়াম পণ্যের গুণগতমান বিএসটিআই এর স্পেসিফিকেশন অনুযায়ী হইতে হইবে ;

(৩) আমদানিকারককে ফার্ণেস অয়েল সংগ্রহ, মজুদ ও বিপণনের যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে ;

(৪) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ও বিএসটিআই এর প্রতিনিধিদল বিক্রিতব্য পণ্যের গুণগতমান পরীক্ষার জন্য যে কোন সময় আমদানিকারকের যে কোন স্থাপনা পরিদর্শন করিতে পারিবে ;

(৫) আমদানিকৃত ফার্ণেস অয়েল বাজার মূল্যে বিক্রয় করিতে হইবে ;

(৬) আমদানিকারককে প্রচলিত আইন অনুযায়ী বিস্ফোরক এবং অন্যান্য প্রয়োজনীয় লাইসেন্স সংগ্রহ করিতে হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সামাদ
উপ-সচিব (আইআইটি-২)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।